গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৫৮-৫৭ তারিখ : ২৪ জুলাই ২০১৯

বিষয় ঃ ৪৮ তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি প্রেরণ।

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ২২-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত 'সাধারণ পরিষদের' সভার সিদ্ধান্ত মোতাবেক **৪৮তম** গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা প্রতিষ্ঠান, উপজেলা/থানা, জেলা, উপ-অঞ্চল ও অঞ্চল হতে জাতীয় পর্যায় পর্যন্ত নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। এ বিষয়ে তাঁর আওতাধীন প্রতিষ্ঠান, উপজেলা/থানা এর সভাপতি/সম্পাদকের নিকট জরুরী ভিত্তিতে সার্কুলারটি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

## সময়সূচি

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল, মাদ্রাসা ও কারিগরি) | ০১-০৯-২০১৯ খ্রিঃ | হতে | ০৩-০৯-২০১৯ খ্রিঃ |
| উপজেলা/থানা পর্যায়ে | ০৬-০৯-২০১৯ খ্রিঃ | হ'তে | ১১-০৯-২০১৯ খ্রিঃ |
| জেলা পর্যায়ে | ১৩-০৯-২০১৯ খ্রিঃ | হ'তে | ১৬-০৯-২০১৯ খ্রিঃ |
| উপ-অঞ্চল পর্যায়ে | ১৮-০৯-২০১৯ খ্রিঃ | হ'তে | ২০-০৯-২০১৯ খ্রিঃ |
| অঞ্চল পর্যায়ে | ২২-০৯-২০১৯ খ্রিঃ | হ'তে | ২৪-০৯-২০১৯ খ্রিঃ |
| জাতীয় পর্যায়ে<br>(সিলেট শিক্ষা বোর্ডের অধীনে সিলেটে অনুষ্ঠিত হবে) | ২৬-০৯-২০১৯ খ্রিঃ<br>বৃহস্পতিবার | হ'তে | ৩০-০৯-২০১৯ খ্রিঃ<br>সোমবার |

**৪৮ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির গ্রীষ্মকালীন সাঁতার (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতায় নিম্ন বর্ণিত ইভেন্ট সমূহ অর্ন্তভুক্ত থাকবে:**

**(ক) বালক-বালিকা বড়** ঃ (১) ১০০মিঃ মুক্ত সাঁতার (২) ২০০মিঃ মুক্ত সাঁতার (৩) ১০০মিঃ চিৎ সাঁতার (৪) ১০০মিঃ বুক সাঁতার (৫) ১০০মিঃ প্রজাপ্রতি সাঁতার (৬) ৪X১০০মিঃ মিডলে রীলে সাঁতার (প্রথমে চিৎ সাঁতার, পরে বুক সাঁতার, তারপর প্রজাপতি ও সর্বশেষ প্রতিযোগীর মুক্ত সাঁতার)।

**(খ) বালক-বালিকা মধ্যম** ঃ (১) ১০০মিঃ মুক্ত সাঁতার (২) ৫০মিঃ চিৎ সাঁতার (৩) ৫০মিঃ বুক সাঁতার (৪) ৫০মিঃ প্রজাপতি সাঁতার (৫) ৪X৫০মিঃ মিডলে রীলে সাঁতার (প্রথমে চিৎ সাঁতার, পরে বুক সাঁতার, তারপর প্রজাপতি ও সর্বশেষ প্রতিযোগীর মুক্ত সাঁতার)।

**৪৮তম** গ্রীষ্মকালীন সাঁতার প্রতিযোগিতা গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২১ এর প্রেক্ষিতে অনুষ্ঠিত হবে। গ্রুপ বাছাইয়ে গঠনতন্ত্রের প্রতিটি বিষয় সুচারুভাবে পালন করতে হবে। ৮ম শ্রেণী পাশ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে ছবি যুক্ত জে.এস.সি/জে.ডি.সি রেজিস্ট্রেশন কার্ড ও সনদের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র (ইনডেক্স নম্বর ও নামাঙ্কিত সিলসহ) দাখিল করিতে হইবে। কোন ল্যামিনেশন কপি গ্রহণযোগ্য নয়।

**৪৮তম** বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির **গ্রীষ্মকালীন ফুটবল (ছাত্র-ছাত্রী), কাবাডি (ছাত্র-ছাত্রী) ও হ্যান্ডবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা** উপজেলা/থানা হতে অঞ্চল পর্যন্ত **'নক আউট'** পদ্ধতিতে এবং জাতীয় পর্যায়ে **'লীগ'** পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৭, ১৮ ও ১৯ এর বিধি মোতাবেক **৪৮তম** গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা পরিচালিত হবে।

**গঠনতন্ত্রের অনুচ্ছেদ-২৪ অনুযায়ী (ক)** বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির আইনে প্রতিষ্ঠানের জন্য (স্কুল, মাদ্রাসা ও কারিগরি) ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ বাধ্যতামূলক। অন্যথায় অংশগ্রহণে ব্যর্থ প্রতিষ্ঠানের এমপিও স্থগিত ও স্বীকৃতি বাতিল করা যাইতে পারে, তাহা সংশ্লিষ্ট কমিটি যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ করিবেন।

অপর পৃষ্ঠা দ্রঃ

বি:দ্র: বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির খেলাধুলায় ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য পিএসসি পরীক্ষার প্রবেশ পত্র ও পাশের মূল সনদ এবং ৯ম ও ১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও পাশের মূল সনদের কপি প্রদর্শন পূর্বক এবং ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক (ইনডেক্স নম্বর ও নামাঙ্কিত সিলসহ ) সত্যায়িত করে জমা প্রদান বাধ্যতামূলক করা হয়েছে। অন্যথায় কোন অবস্থায় খেলায় অংশগ্রহণ করা যাবে না। দলীয় খেলায় বয়স ১৭ বছরের মধ্যে হতে হবে। ব্যক্তিগত ইভেন্টে অষ্টম শ্রেণি বয়স ১৪ বছরের অধিক হলে সে বড় গ্রুপে খেলতে পারবে। প্রত্যেক পর্যায়ে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাঠ পর্যায়ে অনলাইনে রেজিস্ট্রেশন/ সনদ যাচাইয়ের ব্যবস্থা করতে হবে। উল্লিখিত বিষয়গুলো উপজেলা, জেলা, উপ-অঞ্চল, ও অঞ্চল পর্যায়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে তদারকি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ আক্তারুজ্জামান ভুঞা)
উপ-পরিচালক (শারীরিক শিক্ষা)
পক্ষে-মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

জেলা শিক্ষা অফিসার (সকল)

----------------------------- ।

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/ ৫৮-৫৭/৭০

তারিখ : ২৪ জুলাই ২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

০১। মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ বিকেএসপি, ঢাকা।
০২। চেয়ারম্যান,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
০৩। জেলা প্রশাসক.............................................।
০৪। উপজেলা চেয়ারম্যান,.................................... জেলা,..........................................।
০৫। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর,মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
০৬। বিদ্যালয় পরিদর্শক,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
০৭। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।
০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,.......................................জেলা,........................................। কে সংশ্লিষ্ট উপজেলায় প্রত্যেকটি মাধ্যমিক স্কুল,মাদ্রাসা ও কারিগরি (ভোকেশনাল)-কে বাধ্যতামূলক ভাবে জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।
০৯। শারীরিক শিক্ষা অফিসার, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
১০। জেলা ক্রীড়া অফিসার,---------------------------------।
১১। সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস. সেল মাউশি অধিদপ্তর, ঢাকা (**মাউশির ওয়েব সাইটে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের Message Communication -এ প্রকাশের অনুরোধসহ**)।
১২। ----------------------------------------------------------------------------------------------------।
১৩। সংরক্ষণ নথি।

(মোঃ আক্তারুজ্জামান ভুঞা)
উপ-পরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
এবং
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।
ফোন+ফ্যাক্স ঃ ৯৫৫৬৮৪৮।